



1-2-6-1

## স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসা অনুদান ও বেতন-ভাতার

### চেক ব্যাংকে পাঠানো হয়েছে

দেশের সরকারি অনুদানভুক্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাগুলোর শিক্ষকদের এপ্রিল থেকে জুন মাসের বেতন বাবদ দেয় অনুদানের টাকার চেক এবং এমপিও সংশ্লিষ্ট ব্যাংকগুলোতে গত মঙ্গলবার বিশেষ স্মারকপত্রে প্রেরণ করা হয়েছে। সরকারি অনুদানভুক্ত সব স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার প্রধানগণ টাকা বন্টনকারী সংশ্লিষ্ট ব্যাংকগুলোর সঙ্গে যোগাযোগ করে টাকা উত্তোলন করতে পারবেন। এই টাকা ৩০ জুনের মধ্যে প্রদান করার জন্য ব্যাংকগুলোকে নির্দেশ দেয়া হয়েছে। যেসব স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকাগণ সঙ্গত কারণে ২০০১ সালের জুলাই থেকে ২০০২ সালের মার্চ সময়ের টাকা নির্ধারিত সময়সীমার মধ্যে উত্তোলন করতে পারেননি তারাও ওই সময়ের টাকা এক সঙ্গে উত্তোলন করতে পারবেন।

### সংস্কৃত পালি ও টোল

দেশের সরকারি অনুদানভুক্ত সব সংস্কৃত পালি কলেজ ও টোলসমূহের শিক্ষক-কর্মচারীদের ২০০১ সালের জুন থেকে ২০০২ সালের মে পর্যন্ত এক বছরের বেতন-ভাতাদি বাবদ দেয় টাকার চেক এবং এমপিও সংশ্লিষ্ট ব্যাংকগুলোতে প্রেরণ করা হয়েছে।

সরকারি অনুদানভুক্ত সব সংস্কৃত পালি কলেজ ও টোলসমূহের প্রধানগণ টাকা বন্টনকারী সংশ্লিষ্ট ব্যাংকগুলোর সঙ্গে যোগাযোগ করে টাকা উত্তোলন করতে পারবেন। এ টাকা ৩১ জুলাইয়ের মধ্যে প্রদান করার জন্য ব্যাংকগুলোকে নির্দেশ দেয়া হয়েছে। তথ্য বিবরণী।